



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী



ওয়েব সাইট : www.fgc.gov.bd/ইমেইল : fenigovcollege@yahoo.com

Facebook page : [Feni Govt. College, Feni.](https://www.facebook.com/Feni-Govt.-College-Feni)

তারিখ : ০৫/০৯/২০২২ খ্রি.

**২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে অধিভুক্ত বিষয়সমূহে ভর্তি কার্যক্রমে
প্রাথমিক আবেদন সম্পর্কিত বিজ্ঞপ্তি**

২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত বিষয়সমূহে ফেনী সরকারি কলেজে ভর্তির জন্য আবেদন করা যাবে :

বিষয়ের নাম	বিষয় কোড	বিষয়ের নাম	বিষয় কোড
বাংলা	১০৫১	হিসাববিজ্ঞান	২৫৫১
ইংরেজি	১১৫১	ব্যবস্থাপনা	২৬৫১
ইতিহাস	১৫৫১	পদার্থবিজ্ঞান	২৭৫১
ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	১৬৫১	রসায়ন	২৮৫১
দর্শন	১৭৫১	উদ্ভিদবিদ্যা	৩০৫১
রাষ্ট্রবিজ্ঞান	১৯৫১	প্রাণিবিদ্যা	৩১৫১
সমাজকর্ম	২১৫১	গণিত	৩৭৫১
অর্থনীতি	২২৫১		

১। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সাল সমূহে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫ % নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় (পাস) ডিগ্রি প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।
 - খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সাল ও তৎপরবর্তী সালসমূহে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতি ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবেন না।
 - গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
 - ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে 'জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো' মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
 - ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- ২। দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকার নামার কপি সংরক্ষণ করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd/admissions এ লগইন করে আগামী ০৫/০৯/২০২২ খ্রি. থেকে ২০/০৯/২০২২ খ্রি. পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফরম এর প্রিন্ট/ পিডিএফ কপি প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই সংরক্ষণ করতে হবে।

মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমাদান পদ্ধতি: (বিকাশ/রকেট/নগদ/সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার এর মাধ্যমে জমা দেওয়া যাবে।)

[Sonali Bill Payment System](#) ক্লিক করে অথবা

<https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application>

অপশান লগ ইন করে ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেকশন করে সঠিক তথ্য দিয়ে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ৩০০/- (তিনশত টাকা) জমা দিয়ে তার রশিদ সংরক্ষণ করতে হবে। (টাকা পেমেন্ট করার পর ফরম এর ভর্তি রোল এর সাথে টাকা পেমেন্টের ভর্তির রোল মিলিয়ে দেখতে হবে।) ভুলত্রুটি পরীক্ষিত হলে (যোগাযোগ : ০১৮৪০৮৪০৭৬১)

(প্রিন্টকৃত আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার প্রয়োজন নেই)

*** প্রাথমিক আবেদন ফরম ডাউনলোড করার পর অবশ্যই মোবাইল ব্যাংকিং এর টাকা কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে আবেদন ফি জমাদান পদ্ধতি : (বিকাশ/রকেট/নগদ/সোনালী ব্যাংক একাউন্ট ট্রান্সফার)

[Sonali Bill Payment System](#) ক্লিক করে অথবা

<https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application>



Fee Payment

Application Fee

ক্লিক করার পর National University Fee তে ক্লিক করার পর Application ফিতে ক্লিক করে ফেনী সরকারি কলেজ (১০৬৬৪২) সিলেক্ট করে আবেদন ফরমের রোল নম্বর ব্যবহার করে টাকা জমা দিতে হবে।

(জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রিন্টকৃত ফরম ও মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে টাকা জমা দেওয়ার রশিদ কলেজে জমা দিতে নির্দেশনা দেওয়া হলে পরবর্তীতে তা বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।)

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ফলাফল প্রকাশের পর ভর্তি কার্যক্রম সম্পর্কিত তথ্য পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।


অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী
অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ